ঝিনাইদহে নারী ও কন্যা শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে অ্যাডভোকেসি ডায়লগ

ঝিনাইদহে নারী ও কন্যা শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে সরকারি ও বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) জোরদার করণে অ্যাডভোকেসি ডায়লগ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (৩ জুন) সকালে ঝিনাইদহ ব্র্যাকের আঞ্চলিক কার্যালয়ে ব্র্যাক জেন্ডার জাস্টিস অ্যান্ড ডাইভারসিটি কর্মসুচির আওতায় এই ডায়লগের আয়োজন করা হয়।

এডভোকেসি ডায়লগে নারী ও কন্যা শিশুর প্রতি সহিংসতা বন্ধে স্থানীয় পর্যায়ে রেফারেল ম্যাকানিজম ও সরকারি-বেসরকারি উদ্যোগের সমন্বয়ের মাধ্যমে নারীর প্রতি সহিংসতা রোধ করার উপর আলোচকগণ আলোচনা করেন এবং প্রত্যেকেই তাদের অবস্থান থেকে করণীয় সম্পর্কে মতামত দেন। অ্যাডভোকেসি ডায়লগে সভাপতিত্ব করেন ব্র্যাক ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেটর শিপ্রা বিশ্বাস।

উক্ত অ্যাডভোকেসি ডায়লগে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ আদালতের সিনিয়র সিভিল জজ জেলা লিগাল এইড অবন্তিকা রায়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক বিলকিস আফরোজ, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক মুন্সী ফিরোজা সুলতানা, সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মমিনুর রহমান।

এছাড়া সমমনা ৩ টি স্থানীয় এনজিওর নির্বাহী পরিচালকগণ, সাংবাদিক সাজ্জাদ আহমেদসহ আঞ্চলিক কার্যালয়ের বিভিন্ন প্রোগামের প্রতিনিধিগণ এবং নারী ও কন্যা শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে তৃণমূল পর্যায়ে কাজ করে যাওয়া ব্র্যাকের কমিউনিটি হেলথ ওয়ার্কার, কাস্টমার সার্ভিস অ্যাসিস্ট্যান্ট এবং সাব-সেন্টার ইনচার্জগণ।

এ অনুষ্টানের প্রতিবেদন উপস্থাপন ও পরিচালনা করেন জেন্ডার জাস্টিস অ্যান্ড ডাইভারসিটি কর্মসূচির রিজিওনাল ম্যানেজার মোহাম্মদ নাহিদুজ্জামান।

কোটচাঁদপুরে জাতীয় কন্যাশিশু দিবস পালন

“আমি কন্যাশিশু, স্বপ্ন গড়ি, সাহসে লড়ি, দেশের কল্যাণে কাজ করি” এমনই প্রতিপাদ্য নিয়ে কোটচাঁদপুরে জাতীয় কন্যাশিশু দিবস ২০২৫ পালিত হয়েছে।

উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে বুধবার সকাল ১১টায় কোটচাঁদপুর উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে দিবসটি উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার কাজী আনিসুল ইসলাম। স্বাগত বক্তব্য দেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আমানউল্লাহ আল মামুন, পরিবার পরিকল্পনা কর্মকর্তা তারুণ কুমার দাস, প্রাণিসম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, সিনিয়র মৎস্য কর্মকর্তা দ্বীন ইসলাম, যুব উন্নয়ন কর্মকর্তা শামসুল আলম, কোটচাঁদপুর মডেল থানার ওসি (তদন্ত) এনায়েত আলী খন্দকার, কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, উপজেলা জামায়াতের আমীর মাওলানা তাজুল ইসলাম, পৌর আমীর মুহাদ্দিস আব্দুল কায়ুম, ছাত্র সমন্বয়ক হৃদয় আহমেদসহ শিক্ষক, শিক্ষার্থী ও গণমাধ্যমকর্মীরা।

আলোচনা সভায় বক্তারা কন্যাশিশুর যত্ন, তাদের বিভিন্ন সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা করেন। পাশাপাশি বাল্যবিয়ে ও আত্মহত্যা প্রতিরোধে সমাজের সকলের সহযোগিতা কামনা করা হয়।

মুজিবনগরে নানা আয়োজনে জাতীয় কন্যাশিশু দিবস পালন

“আমি কন্যাশিশু-স্বপ্ন গড়ি, সাহসে লড়ি, দেশের কল্যাণে কাজ করি” এই প্রতিপাদ্যে মুজিবনগরে নানা আয়োজনে পালিত হয়েছে জাতীয় কন্যাশিশু দিবস।

মঙ্গলবার সকাল ১১টার সময় গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গণে জারীগান, কন্যাশিশুদের নিয়ে সংগীত, বাল্যবিবাহের কুফল সম্পর্কিত নাটক, নৃত্য ও আলোচনা সভার মধ্য দিয়ে পালিত হয়েছে জাতীয় কন্যাশিশু দিবস।

গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির এবারের কন্যাশিশু দিবস পালনের উদ্দেশ্য ছিল কন্যাশিশুদের অধিকার, ক্ষমতায়ন এবং সুরক্ষা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা, বাল্যবিবাহ, বৈষম্য এবং কন্যাশিশুদের প্রতি সহিংসতা বন্ধের পক্ষে জনমত তৈরি করা, শিশু অধিকার এবং ন্যায়বিচার প্রচারের জন্য গুডনেইবার্স বাংলাদেশের প্রতিশ্রুতি জোরদার করা।

পরে কন্যাশিশু দিবস পালন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। গুডনেইবার্স মেহেরপুর সিডিপির সিডিসি সভাপতি জহিরুল ইসলামের সভাপতিত্বে ও সহকারী অফিসার (প্রোগ্রাম) আন্তন ফলিয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

উপস্থিত ছিলেন গুডনেইবার্স মেহেরপুর সিডিপি ম্যানেজার বিপুল রেমা, সিডিসি সদস্য এস. কীর্তনীয়া সহ সরকারি প্রতিনিধি, এনজিও, স্কুল এবং বিভিন্ন সম্প্রদায়ের প্রতিনিধি।

এছাড়াও উপস্থিত ছিলেন মেয়ে শিশু, শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, স্বেচ্ছাসেবক, শিশু অধিকার কমিটি, সম্প্রদায়ের নেতা, স্থানীয় সরকার প্রতিনিধি, সমমনা এনজিও, উন্নয়ন কর্মী এবং জিএনবি/এনজিসিএএফ প্রতিনিধি।

এই অনুষ্ঠানটি সিডিপি চাইল্ড কাউন্সিল, প্রকৃতি ও শান্তি ক্লাবের সদস্য এবং স্বেচ্ছাসেবকদের নেতৃত্বে পরিচালিত হয়।

আলমডাঙ্গায় পানিতে ডুবে কন্যাশিশুর মৃত্যু

আলমডাঙ্গা বলরামপুরে পানিতে ডুবে কন্যাশিশুর মৃত্যু হয়েছে। অল্পের জন্য বেঁচে গেছে চাচাতো ভাই শিশু ইব্রাহিম।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার কালিদাশপুর ইউনিয়নের বলরামপুর গ্রামের রবিউল ইসলামের কন্যা হাপসা খাতুন (২) ও মোবারেক হোসেনের ছেলে ইব্রাহিম হোসেন (২ বছর ৬ মাস) একসাথে খেলা করতে করতে পাশের পুকুরে পড়ে যায়। ঘটনাটি ঘটেছে সোমবার বিকেল ৪টার দিকে।

তারা দুজনই পানিতে ডুবে যায়। ইব্রাহিমের পিতা মোবারেক প্রথমে তাদের হাত নাড়তে দেখে পানিতে ঝাঁপ দিয়ে ছেলে ইব্রাহিমকে উদ্ধার করেন। কিছুটা দূরে ভাসতে দেখে আপন ভাই রবিউলের মেয়ে হাপসা খাতুনকেও পানি থেকে তোলা হয়। তবে ততক্ষণে সে মারা যায়।

মৃতের বাড়িতে গিয়ে দেখা গেছে, অতি সুন্দর চেহারার অধিকারী শিশু হাপসা খাতুনের মৃত্যুর ঘটনায় নিজ পরিবার, পাড়াপ্রতিবেশী ও আত্মীয়স্বজনের মাঝে নেমে এসেছে শোকের ছায়া। তাদের কান্নাকাটিতে আকাশ-বাতাস ভারী হয়ে উঠেছে।

শিশু হাপসার লাশ বাদ এশার নামাজের জানাজা শেষে গ্রামের কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়েছে।